মেহেরপুরে আনন্দ ও প্রতিবাদ সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুর মুক্ত দিবস ও ফিলিস্তিনে গণহত্যার বন্ধের দাবিতে অরণি থিয়েটার ও চিলড্রেনস থিয়েটারের আয়োজন ” আনন্দ ও প্রতিবাদের সাংস্কৃতিক আয়োজন”।

গতকাল বুধবার ৬ ডিসেম্বর মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সামনে সড়কের পাশে উন্মুক্ত স্থানে এ আয়োজন বাস্তবায়ন করা হয়। প্রাকৃতিক বৈরী আবহাওয়ার মধ্যেও মানুষের আন্তরিক উপস্থিতি ছিল।

সংগীত পরিবেশন করেন চ্যানেল আই খুদে গানরাজ উদয়, সোনিয়া, সামারুল, মিঠু, বৈশাখী, ওয়াফা, আলো, মাহাবুব, দেলোয়ার, রুবেল, সানোয়ার, ওবায়দুল, কুতুব, মুক্তার,রবকুল,শফিকুল রিপন প্রমুখ শিল্পী।

দামুড়হুদায় বীরমুক্তিযোদ্ধাদের সম্মাননা স্বারক পুরষ্কার প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান

দামুড়হুদা প্রেসক্লাব-সাংবাদিক সমিতি’র দ্বিবার্ষিক নির্বাচনের নবনির্বাচিত কমিটির অভিষেক, বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা স্বারক ক্রেস্ট প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজ চত্ত্বরে আনুষ্ঠানিক ভাবে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। দামুড়হুদা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে মহান স্বাধীনতা যুদ্ধের যুদ্ধকালীন কমান্ডার বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা স্বারক ক্রেস্ট প্রদান, দামুড়হুদা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির

নবনির্বাচিত কমিটির অভিষেক, সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আর্থ মুভিং গ্রুপের চেয়ারম্যান দামুড়হুদা উপজেলার কৃতি সন্তান ইঞ্জিনিয়ার মো মজিবুল হক। অনুষ্ঠানের প্রধান অলোচক ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক মাথাভাঙ্গার সম্পাদক-প্রকাশক সরদার আল আমিন।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি সাইফুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজের সভাপতি শফিউল কবীর ইউসুফ, নতিপোতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আজিজুল হক আজিজ, দামুড়হুদা উপজেলা শ্রমীকলীগের সভাপতি হাজী আব্দুল কাদির, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু।



অনুষ্ঠানে অতিথি ছিলেন নতিপোতা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো মোমিনুল হক, গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক আব্দুল মান্নান, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মোঃ মাকসুদুর রহমান রতন, কার্পাসডাঙ্গা বাজার বণিক সমিতির সভাপতি মো আলমগীর রাসেল ও সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি। অনুষ্ঠানের শুরুতেই অনুষ্ঠানের মধ্যমনি ইন্জিনিয়ার মো মজিবুল হক কে দামুড়হুদা প্রেসক্লাবের পক্ষ থেকে ফুলেল শুভেচছা দিয়ে বরণ করে নেয়া হয়।

এরপর পবিত্র কোরআন তেলোয়াত করেন দামুড়হুদা প্রেসক্লাবের সদস্য মোমিনুল হক মনির, স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো হাবিবুর রহমান হবি। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা প্রেসক্লাবের নির্বাহী সদস্য মো জাহিদুর রহমান মুকুল।

অনুষ্ঠানে দামুড়হুদা প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির সকল কে রজনীগন্ধা ফুল দিয়ে বরণ শেষে একটি করে ক্যামেরা ব্যাগ ও একটি করে গেণ্জি তুলে দেন নেন অতিথিবৃন্দ।

গাংনীতে কাজী নজরুল ও রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম জয়ন্তী পালন

গাংনীতে প্রেমের কবি, দ্রোহের কবি, সাম্যের কবি, বিদ্রোহী কবি, মানবতার কবি কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্ম জয়ন্তী এবং বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম জয়ন্তী যথাযোগ্য মযার্দায় উদযাপিত হয়েছে।

গাংনী উপজেলা শিল্পকলা একাডেমীর উদ্যোগে কাজী নজরুল ও রবী ঠাকুরের স্মরণে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার (২৫ মে) রাত ৮ টা থেকে রাত ১০ টা পর্যন্ত উপজেলা নিবার্হী অফিসারের সভাকক্ষে বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুর ও কাজী নজরুলের স্মৃতিচারণ করা হয়।

সাংস্কৃতিক ব্যক্তিত্ব, শিক্ষাবিদ সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, গাংনী উপজেলা নিবার্হী অফিসার ও উপজেলা শিল্পকলা একাডেমির সভাপতি সাজিয়া সিদ্দিকা সেতু।
গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও সিনিয়র সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, গাংনী সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম প্রমুখ।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আাওয়ামীলীগের কৃষি বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম শাহ, মুক্তিযুদ্ধের শহীদ স্মৃতি পাঠাগারের সহ সভাপতি ইয়াছিন রেজা, পথিকের পাঠশালা প্রতিষ্ঠানের পরিচালক রফিকুল ইসলাম পথিক, গাংনী সরকারী ডিগ্রী কলেজের প্রভাষক নাসির উদ্দীন, বিআর লাইসিয়াম স্কুলের শিক্ষক মঞ্জুর মুর্শেদ শান্তি, গাংনী উপজেলা কৃষকলীগের সেক্রেটারী মশিউর রহমান পলাশ প্রমুখ।
এসময় আমন্ত্রিত অতিথিবৃন্দ ছাড়াও রাজনৈতিক নেতৃবৃন্দ শিক্ষক শিক্ষিকাবৃন্দ ও গাংনী উপজেলা শিল্পকলা একাডেমীর শিল্পী কলা কুশলী উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানে গান পরিবেশন করেন,ক্ষুদে গানরাজ উদয়, গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, আজিজুল হক রানু, জুলফিকার আলী কানন, শিশু শিল্পী নীরব, সিয়াম প্রমুখ।

শিল্পীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান দর্শক শ্রোতাদের আকৃষ্ট করে।

শহীদ দিবস ও মাতৃভাষা দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান এর আয়োজন করা হয়। মঙ্গলবার সন্ধ্যার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী প্রাঙ্গনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস২০২৩ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সভাপতি ড. মোহাম্মদ মুনসুর আলম খান, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুরের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক মোঃ সাইদুর রহমান।

এ সময় সংগীত পরিবেশনা করেন আব্দুল্লাহ আল মামুন রাসেল, ফৌজিয়া আফরোজ তুলি, সুমনা রহমান, কবিতা আবৃত্তি করেন রাইসা।